

স্মারক নং-৩৬.৯৩.০০০০.০১৬.০২.৩০৫.১৬, ২৫৬৫

তারিখ ০৪-০৬-২০১৮

জনাব মোঃ মঈনুল হোসেন  
হিসাবরক্ষণ কর্মকর্তা  
ন্যাশনাল টিউবস লিমিটেড  
টংগী, গাজীপুর

## বিষয় : কারণ দর্শানো পত্র।

যেহেতু আপনাকে বাংলাদেশ স্টীল ও ইঞ্জিনিয়ারিং করপোরেশন (বিএসইসি) এর নিয়ন্ত্রণাধীন শিল্প প্রতিষ্ঠান ন্যাশনাল টিউবস লিমিটেড এর হিসাব বিভাগে হিসাবরক্ষণ কর্মকর্তার দায়িত্ব পালন করার নির্দেশ থাকা সত্ত্বেও আপনি সঠিকভাবে দায়িত্ব পালন করেন না মর্মে আপনার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে :

১. আপনি অর্পিত দায়িত্ব ঠিকমত পালন করেন না ;
২. আপনাকে প্রায়ই নিজ কর্মস্থলে পাওয়া যায় না ;
৩. অকারণে সহকর্মীদের সাথে অশ্লীল ভাষায় গালি-গালাজ করেন ;
৪. সহকর্মীদের সাথে উশৃঙ্খল আচরণের পাশাপাশি ঝগড়ায় লিপ্ত হয়ে প্রায়ই মারতে উদ্যত হন ;
৫. উর্ধ্বতন কর্মকর্তাদের নির্দেশ পালনে অসম্মতি প্রকাশ করেন এবং তাদের সাথে উচ্চস্বরে রুঢ় ও অশ্লীল ভাষায় কথা বলেন ;
৬. বিক্রয় হিসাব সংক্রান্ত বিল ও দেনা পাওনার হিসাব ক্রেতাদের সময়মত সরবরাহ না করায় ক্রেতাগণের অসন্তোষ প্রকাশ করেন ;
৭. সর্বোপরি এ সকল কার্যকলাপের ফলে অফিসের সার্বিক কর্ম পরিবেশ বিনষ্ট হয় ;

২। যেহেতু আপনার এরূপ কার্যকলাপের জন্য বিএসইসি'র স্বার্থ সংশ্লিষ্ট কার্যক্রম ব্যাঘাত সৃষ্টি হওয়া ছাড়াও সুনাম ক্ষুণ্ণ হয়েছে। যা, বিএসইসি কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৯ এর ৩৭ (২) ও ৩) সংশ্লিষ্ট ধারা অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

৩। সেহেতু উক্ত কার্যকলাপের জন্য কেন আপনার বিরুদ্ধে বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৯ এর সংশ্লিষ্ট ধারা মোতাবেক আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তা অত্র পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে লিখিত জাঃ চেয়ারম্যান, বিএসইসি বরাবরে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

(মোঃ তোফাজ্জল হোসেন খান)  
একজন ব্যক্তিপ্রশাসন কর্মকর্তা (চঃ দাঃ)

## বিতরণ :

- ১) ব্যবস্থাপনা পরিচালক, ন্যাশনাল টিউবস লিমিটেড, টংগী, গাজীপুর
- ২) ব্যবস্থাপক (সমন্বয়), চেয়ারম্যান শাখা, বিএসইসি, ঢাকা
- ৩) সিস্টেম এনালিস্ট, বিএসইসি, ঢাকা ----- বিএসইসি'র ওয়েব সাইটে মাদেশটি প্রকাশের অনুরোধসহ
- ৪) ব্যক্তিগত নথি



ইটিএল  
সিএফএল, এলইডি  
ও টিউব লাইট



ইসিএল  
বৈদ্যুতিক তার



এনটিএল  
এপিআই, জিআই  
এমএস পাইপ



এবিএল  
মোটর সাইকেল




গাজী ওয়ারস  
ভামার তার  
(এসইসি, এসি,  
এইচ ভিভিসি)



জিইএমকে  
ট্রান্সফরমার



পিআইএল  
জীপ, বাস, ট্রাক



বিবিএফএল  
সোভ  
স্ট্রিংপোল  
বাংলাদেশ চাকী  
শেভিং ব্রেড রেকর



ঢাকা স্টীল ওয়ারস পাইপ  
এম এল রড ও বার সামগ্রী